ওযীফায়ে লতিফিয়া-১

[দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দু'আ]

Scanned with CamScanner

ওযীফায়ে লতিফিয়া-১

[দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দু'আ]

আহমদ হাসান চৌধুরী

প্রকাশনায়

লতিফিয়া ফাউন্ডেশন

বাড়ি নং ৩৮, রোড-১, ব্লাক-ই, বনশ্রী, রামপুরা, ঢাকা

প্রকাশকাল

প্রথম প্রকাশ

মুহররম ১৪৩৪ হিজরী

পঞ্চম সংস্করণ

রামাদান ১৪৩৭ হিজরী

ষষ্ঠ সংস্করণ

রামাদান ১৪৩৯ হিজরী

সপ্তম সংস্করণ

জমাদিউল আউয়াল ১৪৪১ হিজরী

মুদ্রণ :

সানজানা প্রিন্টার্স

৮১/১ নয়াপল্টন, ঢাকা-১০০০

নির্ধারিত হাদিয়া ঃ ৫০.০০ (পঞ্চাশ টাকা মাত্র)

Scanned with CamScanner

সূচিপত্র

ভূমিকা

ফযীলতপূর্ণ কয়েকটি আয়াত

আয়াতুল কুরসী ১০
সূরা বাকারার শেষ দু'আয়াত ১২
সূরা হাশরের শেষ তিন আয়াত ১৫
সূরা তাওবার শেষ দু'আয়াত ১৭

কয়েকটি দুরূদ শরীফ

দুরূদে তাজ ২০
দুরূদে তুনাজ্জীনা ২১
দুরূদে বী'র ২৪
দুরূদে শিফা ২৪
দুরূদে নারিয়া ২৫
দুরূদে শাফিঈ ২৬
দুরূদে তিব্বিয়্যাহ ২৯

দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দু'আ

সকাল-সন্ধ্যা পাঠের দু'আ ৩৩-৩৮
ঘুমানোর সময় পড়ার দু'আ ৩৯
ঘুম থেকে জাগ্রত হয়ে পড়ার দু'আ ৪১

Scanned with CamScanner

রাতে ঘুম ভেঙে গেলে পড়ার দু'আ	৪২
ঘুমে ভয় পেলে পড়ার দু'আ	৪৩
ভাল স্বপ্ন দেখার জন্য দু'আ	৪৩
শৌচাগারে প্রবেশের পূর্বের দু'আ	৪৩
শৌচাগার থেকে বের হয়ে পড়ার দু'আ	৪৪
ওযূ শেষে পড়ার দু'আ	৪৪
মসজিদে যাওয়ার সময় পড়ার দু'আ	৪৫
মসজিদে প্রবেশ ও বের হওয়ার দু'আ	৪৭
মসজিদে অবস্থান কালে পড়ার দু'আ	৪৮
ঘরে প্রবেশ করার দু'আ	৪৯
কাউকে বিদায় দেয়ার সময় পড়ার দু'আ	৪৯
গৃহবাসীর জন্য ভ্রমণকারী ব্যক্তি পড়বেন	৪৯
ঘর থেকে বের হওয়ার দু'আ	৫০
সওয়ারীতে আরোহণ করার সময় পড়ার দু'আ	৫০
নদী পথে সফরের সময় পড়ার দু'আ	৫১
বাজারে যেতে পড়ার দু'আ	৫১
খাবার শুরুতে পড়ার দু'আ	৫২
খাবার শেষে পড়ার দু'আ	৫২
কেউ দাওয়াত খাওয়ালে পড়ার দু'আ	৫৩
পানি পান করার পরের দু'আ	৫৩
দুধ পান করার সময় পড়ার দু'আ	৫৪
যমযমের পানি পান করার দু'আ	৫৪
কোন মজলিস থেকে উঠার সময় পড়ার দু'আ	৫৪

Scanned with CamScanner

মওসূমের প্রথম ফল দেখে পাঠ করার দু'আ	৫৫
নতুন কাপড় পরিধানের দু'আ	৫৫
হাঁচির পর পড়ার দু'আ	৫৬
মুসাফাহা করার দু'আ	৫৬
আয়না দেখার সময় পাঠ করার দু'আ	৫৭
প্রথম রাত্রে স্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে পড়ার দু'আ	৫৭
সহবাসের পূর্বে পড়ার দু'আ	৫৭
ক্রোধের সময় পাঠ করার দু'আ	৫৮
ক্রোধ দমনে পাঠ করার দু'আ	৫৮
শত্রুবেষ্টিত অবস্থায় পড়ার দু'আ	৫৯
দুশ্চিন্তার সময় পড়ার দু'আ	৫৯
অস্থিরতা ও বিপদের সময় পড়ার দু'আ	৬০
যে কোন ক্ষতি দেখলে পড়ার দু'আ	৬০
বিপদগ্রস্থকে দেখে পড়ার দু'আ	৬১
কঠিন কোন বিষয়ের মুখোমুখি হলে পড়ার দু'আ	৬১
বিপদাপদের সময় পাঠের দু'আ	৬২
শত্রু এবং শক্তিধর ব্যক্তির সাক্ষাতকালে পাঠের দু'আ	৬২
কোন গোষ্ঠিকে ভয় পেলে পড়ার দু'আ	৬৩
ছাকরাতের অবস্থায় পড়ার দু'আ	৬৩
ঋণগ্রস্থ হলে পাঠ করার দু'আ	৬৩
ঋণদাতার জন্য দু'আ	৬৪
জীবিকার সমস্যায় পাঠের দু'আ	৬৫

Scanned with CamScanner

দারিদ্র থেকে বাঁচার দু'আ	৬৫
রিয্কের বরকতের জন্য দু'আ	৬৬
শয়তান বিতাড়নের জন্য দু'আ	৬৬
বার বার ওয়াসওয়াসা হলে পড়ার দু'আ	৬৭
রোগী দেখার সময় পাঠ করার দু'আ	৬৭
শোকার্ত অবস্থায় পাঠ করার দু'আ	৬৭
আপনজনের মৃত্যুতে পাঠ করার দু'আ	৬৮
কবরে লাশ রাখার সময় পড়ার দু'আ	৬৮
মনোবাসনা পূরনের দু'আ	৬৯
যে কোন উপকারকারীর জন্য দু'আ	৬৯
মেঘের গর্জন শুনলে পড়ার দু'আ	৬৯
জোরে বাতাস প্রবাহিত হলে পাঠ করার দু'আ	৭০
বিদ্যুৎ চমকালে পড়ার দু'আ	৭০
বৃষ্টির সময় পড়ার দু'আ	৭১
নতুন চাঁদ দেখলে পড়ার দু'আ	৭১
পছন্দনীয় জিনিস দেখলে পড়ার দু'আ	৭২
অপছন্দনীয় জিনিস দেখলে পড়ার দু'আ	৭২
নবদম্পত্তির উদ্দেশ্যে দু'আ	৭২
ধন-সম্পদ ও সন্তানাদির বিপদাপদ থেকে বাঁচার দু'আ	৭৩
সন্তান লাভকারীর প্রতি অভিনন্দন	৭৩
শিশুদের সুরক্ষার জন্য দু'আ	৭৩
রজব-শাবান মাসে পড়ার দু'আ	৭৪

Scanned with CamScanner

শবে বরাতে বিশেষ দু'আ	৭৪
শবে কদরের দু'আ	৭৫
স্বপ্নে অপছন্দনীয় কিছু দেখলে পড়ার দু'আ	৭৫
কোন অঙ্গে ব্যাথা হলে পড়ার দু'আ	৭৬
কুরবানী ও আকীকার পশু জবাইয়ের দু'আ	৭৬
কবর যিয়ারতের দু'আ	৭৭
হাসান বসরী (র.) থেকে বর্ণিত দু'আ	৭৭
দু'আয়ে তাওয়াজ্জুহ	৭৮
সালাতুত তাসবীহ'র নিয়ম	৮০
শাহ আব্দুল আযীয (র.) থেকে বর্ণিত কিছু দু'আ ও আমল	৮১-৮৬
আয়াতে শিফা	৮৬
ইস্তিখারার দু'আ	৮৯
সালাতুল হাজতের দু'আ	৯০
রিয়া হতে বেঁচে থাকার দু'আ	৯৩
কুরআন তিলওয়াত শেষে পাঠের দু'আ	৯৪
সিজদায়ে তিলাওয়াতের দু'আ	৯৫
হৃদরোগে পড়ার দু'আ	৯৬
আল-আসমাউল হুসনা	৯৭
আসমাউন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম	১০৫
তেত্রিশ আয়াত	১৫১
আল কুরআনুল কারীমের দু'আ	১৬১
খতমে খাজেগান	১৭১
গ্রন্থপঞ্জি	১৭৫

Scanned with CamScanner

ভূমিকা

بسم الله الرحمن الرحيم

আলহামদুলিল্লাহ। দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দু'আর সংকলন 'ওযীফায়ে লতিফিয়া-১' প্রকাশিত হল। দীর্ঘ দিন থেকে মনের মধ্যে একটি মাসনূন দু'আর সংকলন প্রকাশের আকাঙ্ক্ষা ছিল। অনেক পূর্ব থেকে এর কাজও শুরু হয়। আমার চেষ্টা ছিল, হাদীসের মূল কিতাবসমূহ থেকে দু'আ সংকলনের। ফলে ক্ষুদ্র আকৃতির হলেও যথেষ্ট সময় লেগে যায়। তা ছাড়া একখানা পূর্ণাঙ্গ ওযীফার সূচি তৈরি করে তা সংকলনের সময় অনুমিত হল যে, এক মলাটের আওতায় তা ছাপতে গেলে হয় তো এর পরিধি অনেক বড় হয়ে যাবে। তদুপরি নিজের আমলের দীনতাও এ নেক কাজ এগিয়ে নেয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। অবশেষে মূল সূচি থেকে বাছাই করে কেবল দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় কিছু দু'আ নিয়ে একখানা সংকলন প্রকাশ করা হলো। মুরশিদে বরহক হযরত আল্লামা মোঃ আব্দুল লতিফ চৌধুরী ফুলতলী ছাহেব কিবলাহ (র.)-এর মুবারক নামের সাথে মিলিয়ে এর নাম দেয়া হয়েছে 'ওযীফায়ে লতিফিয়া-১'। পরবর্তীতে এ বিষয়ে আরো কাজ করার ইচ্ছা রয়েছে। আল্লাহ্ই উত্তম তাওফীকদাতা।

মুরশিদে বরহক হযরত আল্লামা ইমাদ উদ্দিন চৌধুরী বড় ছাহেব কিবলাহ ফুলতলী-এর নেক দু'আ ও পরামর্শ আমাকে এ কাজ

Scanned with CamScanner

এগিয়ে নিতে উৎসাহিত করেছে।

ওযীফা সংকলনের ক্ষেত্রে অনেকে নানাভাবে সহযোগিতা করেছেন। মাওলানা নজমুল হুদা খান ওযীফাখানা নির্ভুল ও সুন্দর করতে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। তা ছাড়া মাওলানা মাহবুবুল্লাহ, মাওলানা আল-আমীন ও মাওলানা মুহাম্মদ মাহমুদুল হাসান যথেষ্ট পরিশ্রম করেছেন। তাঁদের প্রতি আমি কৃতজ্ঞ।

আল্লাহ সবাইকে উত্তম জাযা নসীব করুন। আমীন।

সপ্তম সংস্করণ প্রসঙ্গে

আলহামদুলিল্লাহ। ওযীফার পরিবর্ধিত সপ্তম সংস্করণ বের হলো। প্রথম সংস্করণ বের হওয়ার পর সুধীজনের পরামর্শে দ্বিতীয় সংস্করণে কিছু বিষয় সংযোজিত হয়েছিল। হযরত বড় ছাহেব কিবলাহও মূল্যবান নির্দেশনা প্রদান করেছিলেন। তৃতীয় সংস্করণেও আরো কিছু বিষয় সংযোজন করা হয়েছে। চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ সংস্করণ ধারাবাহিক প্রকাশ করা হয়। সপ্তম সংস্করণে নতুন কিছু দু'আ ও আসমাউন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংযোজন করা হয়েছে। পূর্বের সংস্করণে থেকে যাওয়া ভুলগুলোও সংশোধনের প্রয়াস নেয়া হয়েছে। আমাদের সকল কাজ আল্লাহর তরে নিবেদিত।

মা'আস্‌সালাম

আহমদ হাসান চৌধুরী

Scanned with CamScanner

ফদ্বীলতপূর্ণ কয়েকটি আয়াত

আয়াতুল কুরসী

اَللّٰهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ ﴿0﴾ الْحَيُّ الْقَيُّوْمُ ﴿0﴾ لَا تَأْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ ﴿0﴾ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ ؕ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗ إِلَّا بِإِذْنِهٖ ﴿0﴾ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖ إِلَّا بِمَا شَاءَ ﴿0﴾ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْأَرْضَ ۚ وَلَا يَئُوْدُهٗ حِفْظُهُمَا ﴿0﴾ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ﴿0﴾

অর্থ : আল্লাহ, তিনি ব্যতীত কোন ইলাহ নেই। তিনি চিরঞ্জীব, সর্ব সত্তার ধারক। তাঁকে তন্দ্রা বা নিদ্রা স্পর্শ করে না। আসমান ও যমীনে যা কিছু আছে সব তাঁরই। কে সে, যে তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করবে? তাদের সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত। যা তিনি ইচ্ছা করেন তা ব্যতীত তাঁর

Scanned with CamScanner

জ্ঞানের কিছুই তারা আয়ত্ত করতে পারে না। তাঁর কুরসী আকাশ ও পৃথিবীময় পরিব্যাপ্ত; এদের রক্ষণাবেক্ষণ তাঁকে ক্লান্ত করে না; আর তিনি মহান, শ্রেষ্ঠ।

আয়াতুল কুরসীর ফদ্বীলত

আয়াতুল কুরসীর ফদ্বীলত সম্পর্কে বহু হাদীস পাওয়া যায়। নিম্নে কয়েকখানা হাদীস পেশ করা হল।

১. হযরত আবূ হুরায়রা (রা.) হতে বর্ণিত ঃ তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, প্রত্যেক বস্তুর একটি শীর্ষ স্থান থাকে। পবিত্র কুর'আনের শীর্ষস্থান হলো সূরা বাকারা। আর এ সূরায় এমন এক আয়াত বিদ্যমান যা পবিত্র কুর'আনের সকল আয়াতের মধ্যে শীর্ষস্থানীয়। এটি হল আয়াতুল কুরসী। *(তিরমিযী, হাদীস নং ৩০৩৮)*

২. যে ব্যক্তি প্রত্যেক নামাযের পর আয়াতুল কুরসী পাঠ করবে তাঁর জন্য একমাত্র মৃত্যু ব্যতীত জান্নাতে প্রবেশ করার পথে অন্য কোন বাধা থাকবে না।

(মিশকাত, হাদীস নং ৯৭৪)

৩. আয়াতুল কুরসী ঐ ব্যক্তিই নিয়মিত পাঠ করে থাকে

Scanned with CamScanner

যে ব্যক্তি সৎ, কল্যাণকামী ও ইবাদতকারী। (বায়হাকী)

৪. যে ব্যক্তি শয়নকালে আয়াতুল কুরসী পাঠ করে, আল্লাহপাক তাকে, তার প্রতিবেশী, প্রতিবেশীর প্রতিবেশী এবং তাদের আশপাশের বসবাসকারী সকলকে সহীহ সালামত ও নিরাপদে রাখেন।

(বায়হাকী)

সূরা বাকারার শেষ দু'আয়াত

اٰمَنَ الرَّسُوْلُ بِمَآ أُنزِلَ إِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ ﴿0﴾ كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ ﴿0﴾ لَا نُفَرِّقُ بَيْنَ أَحَدٍ مِّنْ رُّسُلِهٖ ﴿0﴾ وَقَالُوْا سَمِعْنَا وَأَطَعْنَا ۖ غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيْرُ ﴿0﴾ لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا إِلَّا وُسْعَهَا ﴿0﴾ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ۗ ﴿0﴾ رَبَّنَا لَا تُؤَاخِذْنَا إِن نَّسِيْنَا أَوْ أَخْطَأْنَا ﴿0﴾ رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ

Scanned with CamScanner

قَبْلِنَا ﴿0﴾ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ﴿0﴾
وَاعْفُ عَنَّا ﴿0﴾ وَاغْفِرْ لَنَا ﴿0﴾ وَارْحَمْنَا ﴿0﴾
أَنتَ مَوْلٰنَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِينَ ﴿0﴾

অর্থ : রাসূল, তাঁর প্রতি তাঁর প্রতিপালকের পক্ষ থেকে যা অবতীর্ণ হয়েছে তার প্রতি ঈমান এনেছেন এবং মুমিনগণও। তারা সকলে আল্লাহে, তাঁর ফিরিশতাগণে, তাঁর কিতাবসমূহে এবং তাঁর রাসূলগণে ঈমান এনেছেন। তারা বলেন 'আমরা তাঁর রাসূলগণের মধ্যে কোন পার্থক্য করি না', আর তারা বলেন, আমরা শুনেছি এবং পালন করেছি। হে আমাদের প্রতিপালক! আমরা আপনার ক্ষমা চাই, আর প্রত্যাবর্তন আপনারই নিকট।

আল্লাহ কারো উপর কষ্টদায়ক এমন কোন দায়িত্ব অর্পণ করেন না যা তার সাধ্যাতীত। সে ভালো যা কিছু উপার্জন করে তার প্রতিফল তারই এবং সে মন্দ যা উপার্জন করে তার প্রতিফল তারই। 'হে আমাদের প্রতিপালক! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তবে তুমি আমাদেরকে পাকড়াও করো না। হে আমাদের প্রতিপালক!

Scanned with CamScanner

আমাদের পূর্ববর্তীগণের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ করেছিলে আমাদের উপর তেমন দায়িত্ব অর্পণ করো না। হে আমাদের প্রতিপালক! এমন ভার আমাদের উপর অর্পণ করো না যা বহন করার শক্তি আমাদের নেই। আমাদের পাপ মোচন করো, আমাদেরকে ক্ষমা করো, আমাদের প্রতি দয়া করো, তুমিই আমাদের অভিভাবক। সুতরাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদের সাহায্য করো।'

সূরা বাকারার শেষ দু' আয়াতের ফদ্বীলত

১. হযরত আবূ মাসঊদ (রা.) হতে বর্ণিতঃ হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি রাতে ('ইশার নামাযের পর) সূরা বাকারার শেষ দু' আয়াত পাঠ করে তা তার পক্ষে যথেষ্ট হয়ে যায়।

(তিরমিযী-২৮৪১, বুখারী, হাদীস নং ৪০০৮)

২. হযরত নু'মান ইবন বশীর (রা.) হতে বর্ণিতঃ হযরত রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ পাক আসমান যমীন সৃষ্টির দু' হাজার বছর পূর্বে কলমকে লওহে মাহফূযে লেখার জন্য নির্দেশ দেন।

Scanned with CamScanner

সেখানে কলম মহান আল্লাহ্‌র ইচ্ছা অনুযায়ী সৃষ্ট জীবের অদৃষ্ট সাব্যস্ত করে। সেখান থেকে আল্লাহ এমন দুই আয়াত নাযিল করেছেন যা দ্বারা সূরা বাকারা সমাপ্ত করা হয়েছে। এ দুই আয়াত যে ঘরে তিন বার পাঠ করা হয়, শয়তান সেই ঘরের নিকটবর্তী হতে পারে না।

(তিরমিযী, হাদীস নং ২৮৮২)

সূরা হাশরের শেষ তিন আয়াত

প্রত্যেক দিন সকাল-সন্ধ্যায় প্রথমে নিম্নোক্ত কলিমা ৩ বার পড়বেনঃ

أَعُوذُ بِاللّٰهِ السَّمِيْعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

তারপর সূরা হাশরের শেষ তিন আয়াত পড়বেনঃ

هُوَ اللّٰهُ الَّذِىْ لَا اِلٰهَ إِلَّا هُوَ ﴿0﴾ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ هُوَ الرَّحْمٰنُ الرَّحِيمُ ﴿0﴾ هُوَ اللّٰهُ الَّذِى لَا اِلٰهَ إِلَّا هُوَ ﴿0﴾ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ

Scanned with CamScanner

الْمُتَكَبِّرُ سُبْحَانَ اللّٰهِ عَمَّا يُشْرِكُونَ ﴿0﴾ هُوَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْأَسْمَاءُ الْحُسْنٰى ﴿0﴾ يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ ﴿0﴾ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ.

অর্থ : তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন ইলাহ্ নেই, তিনি অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা; তিনি দয়াময়, পরম দয়ালু। তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন ইলাহ্ নেই। তিনিই অধিপতি, তিনিই পবিত্র, তিনিই শান্তি, তিনিই নিরাপত্তা বিধায়ক, তিনিই রক্ষক, তিনিই পরাক্রমশালী, তিনিই প্রবল, তিনিই অতীব মহিমান্বিত। তারা যা শরীক স্থির করে আল্লাহ্ তা হতে পবিত্র, মহান। তিনিই আল্লাহ্ সৃজনকর্তা, উদ্ভাবনকর্তা, রূপদাতা, তাঁরই সকল উত্তম নাম। আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে, সবকিছুই তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা করে। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

সূরা হাশরের শেষ তিন আয়াতের ফদ্বীলত

হযরত মা'কাল ইবন ইয়াসার (রা.) হতে বর্ণিতঃ তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন

Scanned with CamScanner

- রাসূলে পাক সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, যে ব্যক্তি সকালে তিন বার নিম্নোক্ত কলিমা পাঠ করবে -

أَعُوذُ بِاللّٰهِ السَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

অতঃপর সূরা হাশরের শেষ তিন আয়াত পাঠ করবে, আল্লাহ তার জন্য ৭০ হাজার ফেরেশতা নিযুক্ত করবেন যাঁরা সন্ধ্যা পর্যন্ত তার জন্য আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা করবে। আর যদি সে ব্যক্তি ঐ দিন মৃত্যুবরণ করে তা হলে সে শহীদী মৃত্যু লাভ করবে। আর যে ব্যক্তি সন্ধ্যা বেলায় আয়াতসমূহ পাঠ করবে সে সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত পূর্বোক্ত মর্যাদার অধিকারী হবে।

(তিরমিযী, হাদীস নং ২৯২২, মুসনাদে ইমাম আহমদ, হাদীস নং ২০৩০৬, দারিমী, মিশকাত)

সূরা তাওবার শেষ দুই আয়াত

لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ مِّنْ أَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ
مَا عَنِتُّمْ حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَؤُوْفٌ

Scanned with CamScanner

رَحِيمٌ ﴿0﴾ فَإِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِيَ اللهُ لَآ إِلٰهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ.

অর্থ : অবশ্যই তোমাদের মধ্য হতে তোমাদের নিকট এক রাসূল এসেছেন। তোমাদেরকে যা বিপন্ন করে তা তাঁর জন্য কষ্টদায়ক। তিনি তোমাদের মঙ্গলকামী, মুমিনদের প্রতি তিনি দয়ার্দ্র ও পরম দয়ালু।
অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয় তবে আপনি বলুন আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নেই। আমি তাঁর উপর নির্ভর করি এবং তিনি মহা আরশের অধিপতি।

সূরা তাওবার শেষ দুই আয়াতের ফদ্বীলত

আবদুল গনী ইবনে সাঈদ বলেন, আমি ইসমাঈল ইবনে আহমদ ইবনে ইসমাঈল হাসিবের নিকট শুনেছি, তিনি বলেন, আমাকে সংবাদ দিয়েছেন আবূ বকর মুহাম্মদ ইবনে উমর, তিনি বলেন, আমি আবূ বকর ইবনে মুজাহিদের নিকট অবস্থান করছিলাম, তখন শিবলী আগমন করলেন। অত:পর আবূ বকর ইবনে মুজাহিদ তাঁর দিকে এগিয়ে গেলেন, তাঁর সাথে মুআনাকা করলেন এবং তাঁর উভয় চোখের মধ্যখানে চুম্বন করলেন। আমি

Scanned with CamScanner

তাঁকে বললাম, হে সায়্যিদ! আপনি শিবলীর সাথে এমন আচরণ করলেন? অথচ বাগদাদের সবাই তাঁকে পাগল মনে করে। তিনি আমাকে বললেন, আমি তাঁর সাথে এমনটিই করেছি যেমনটি আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে করতে দেখেছি। আমি স্বপ্নযোগে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যিয়ারত লাভ করেছি এবং দেখেছি যে শিবলী তাঁর নিকট আগমন করলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দিকে এগিয়ে গেলেন এবং তাঁর উভয় চোখের মাঝখানে চুম্বন করলেন। তিনি আমাকে বললেন, সে নামাযের পর لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ مِنْ أَنْفُسِكُم শেষ পর্যন্ত তিলাওয়াত করে এবং এরপর আমার উপর দুরূদ শরীফ পাঠ করে (আর এ কারণেই তার সাথে এমন আচরণ করেছি)।

অপর একটি বর্ণনায় এসেছে, সে প্রত্যেক ফরয নামাযের পর لَقَدْ جَاءَكُمْ رَسُوْلٌ مِنْ أَنْفُسِكُمْ শেষ পর্যন্ত পাঠ করে এবং তিন বার صَلَّى اللهُ عَلَيْكَ يَا مُحَمَّدُ পাঠ করে।

আবু বকর ইবনে মুজাহিদ বলেন, এরপর শিবলী আমার নিকট আগমন করলে নামাযের পরে পঠিত দু'আ বিষয়ে আমি তাঁকে জিজ্ঞেস করলাম, তিনি আমাকে অনুরূপই বললেন।

(জালাউল আফহাম, আল-কাওলুল বাদী)

Scanned with CamScanner

কিছু দুরূদ শরীফ

দুরূদে তাজ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ صَاحِبِ التَّاجِ وَالْمِعْرَاجِ وَالْبُرَاقِ وَالْعَلَمِ، دَافِعِ الْبَلَاءِ وَالْوَبَاءِ وَالْقَحْطِ وَالْمَرَضِ وَالْأَلَمِ، إِسْمُهٗ مَكْتُوْبٌ مَرْفُوْعٌ مَشْفُوْعٌ مَنْقُوْشٌ فِيْ اللَّوْحِ وَالْقَلَمِ، سَيِّدِ الْعَرَبِ وَ الْعَجَمِ، جِسْمُهٗ مُقَدَّسٌ مُعَطَّرٌ مُطَهَّرٌ مُنَوَّرٌ فِي الْبَيْتِ وَالْحَرَمِ، شَمْسِ الضُّحٰى، بَدْرِ الدُّجٰى ،صَدْرِ العَلٰى، نُوْرِ الْهُدٰى، كَهْفِ الْوَرٰى، مِصْبَاحِ الظُّلَمِ، جَمِيْلِ الشِّيَمِ شَفِيْعِ الْأُمَمِ، صَاحِبِ الْجُوْدِ وَالْكَرَمِ، وَاللّٰهُ عَاصِمُهٗ، وَجِبْرِيْلُ خَادِمُهٗ، وَالْبُرَاقُ مَرْكَبُهٗ، وَالْمِعْرَاجُ سَفَرُهٗ، وَسِدْرَةُ الْمُنْتَهٰى مَقَامُهٗ، وَقَابَ قَوْسَيْنِ مَطْلُوْبُهٗ، وَالْمَطْلُوْبُ مَقْصُوْدُهٗ، وَالْمَقْصُوْدُ مَوْجُوْدُهٗ، سَيِّدِ الْمُرْسَلِيْنَ، خَاتَمِ

Scanned with CamScanner

النَّبِـيِّيْنَ، شَفِيْعِ الْمُذْنِبِيْنَ، اَنِيْسِ الْغَرِيْبِـيْنَ، رَحْمَةِ لِّلْعَالَمِيْـنَ، رَاحَةِ الْعَاشِقِيْـنَ، مُرَادِ الْمُشْتَاقِيْنَ، شَمْسِ الْعَارِفِيْنَ، سِرَاجِ السَّالِكِيْنَ مِصْبَاحِ الْمُقَرَّبِيْنَ، مُحِبِّ الْفُقَرآءِ وَالْـمَسَاكِيْنَ، سَيِّدِ الثَّقَلَـيْنِ، نَبِيِّ الْحَرَمَيْنِ، إِمَامِ الْقِبْلَـتَيْنِ، وَسِيْلَتِنَا فِي الدَّارَيْنِ، صَاحِبِ قَابَ قَوْسَيْنِ، مَحْـبُوْبِ رَبِّ الْمَشْرِقَيْنِ وَالْمَغْرِبَيْنِ، جَدِّ الْحَسَنِ وَالْحُسَـيْنِ، مَوْلَانَا وَمَوْلَى الثَّقَلَيْنِ، أَبِي الْقَاسِمِ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللهِ نُوْرٍ مِّنْ نُوْرِ اللهِ، يَاأَيُّهَا الْمُشْتَاقُوْنَ لِرُؤْيَا جَمَالِهٖ صَلُّوْا عَلَيْهِ وَاٰلِهٖ وَسَلِّمُوْا تَسْلِيْماً.

দুরূদে তুনাজ্জিনা

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَاةً تُنَجِّيْنَا بِهَا مِنْ جَمِيعِ الْأَهْوَالِ وَالْاٰفَاتِ، وَتَقْضِي لَنَا بِهَا جَمِيْعَ الْحَاجَاتِ، وَتُطَهِّرُنَا بِهَا مِنْ جَمِيعِ السَّيِّئَاتِ، وَتَرْفَعُنَا بِهَا عِنْدَكَ أَعْلَى الدَّرَجَاتِ،

Scanned with CamScanner

وَتُبَلِّغُنَا بِهَا أَقْصَى الْغَايَاتِ، مِنْ جَمِيعِ الْخَيْرَاتِ فِي الْحَيَاةِ وَبَعْدَ الْمَمَاتِ، إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ.

অর্থ : হে আল্লাহ! আপনি আমাদের সায়্যিদ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর এমন সালাত প্রেরণ করুন যার দ্বারা আমরা সকল বিপদ-আপদ থেকে মুক্তি লাভ করি, আমাদের সকল প্রয়োজন পূর্ণ হয়, এর দ্বারা গুনাহ হতে আমরা পবিত্র হয়ে যাই, এর দ্বারা আপনার নিকট আমরা উচ্চ মর্যাদায় উন্নীত হই এবং এর দ্বারা ইহ-পরকালে সকল কল্যাণের সর্বোচ্চ পর্যায়ে আমরা পৌঁছে যাই। নিশ্চয়ই আপনি সকল বিষয়ের উপর ক্ষমতাবান।

ফদ্বীলত

হাফিযুল হাদীস আল্লামা শামসুদ্দীন সাখাবী (র.) (৮৩১-৯০২হি.) তাঁর 'আল কাউলুল বাদী' কিতাবে উল্লেখ করেন যে, দুরূদ পাঠের দ্বারা পানিতে ডুবে মারা যাওয়া থেকে রক্ষা পাওয়া যায় সে সম্পর্কে আল্লামা ফাকিহানী তাঁর 'ফাজরুম মুনীর' কিতাবে বর্ণনা করেন, হযরত শায়খ সালেহ মূসা যরীর আমাকে সংবাদ দিয়েছেন যে, তিনি একদা লোনা সাগরে জাহাজে

Scanned with CamScanner

আরোহণ করেন। তিনি বলেন, সে সময়ে সাগরে আক-লাবিয়া নামক ঝড় শুরু হলো। এমতাবস্থায় মনে হলো খুব কম সংখ্যক লোকেরই ডুবে যাওয়া থেকে বেঁচে থাকার আশা রয়েছে। আমি ঘুমিয়ে পড়লাম। স্বপ্নে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সান্নিধ্য লাভ হলো। তিনি আমাকে বললেন, জাহাজের যাত্রীদেরকে বলো তারা যেন উল্লেখিত দুরূদ খানা এক হাজার বার পাঠ করে।

অত:পর আমি জাগ্রত হয়ে জাহাজের আরোহীদের আমার স্বপ্নের কথা বর্ণনা করলাম। আর আমরা তিন শত বার এ দুরূদ পড়ার সময়েই দুরূদ শরীফের ওসীলায় আল্লাহ তা'আলা আমাদেরকে এ বিপদ থেকে মুক্ত করে দিলেন এবং ঝড়কে শান্ত করে দিলেন। ঘটনাটি ভাষাবিদ আল-মাজিদ স্বীয় সনদে অনুরূপ বর্ণনা করেছেন। এর শেষে তিনি হাসান বিন আলী আসওয়ানী থেকে বর্ণনা করেন, যে ব্যক্তি এ দুরূদখানা প্রত্যেক গুরুত্বপূর্ণ বিষয়, স্বাভাবিক অবস্থায় ও বিপদাপদের সময়ে পাঠ করবে আল্লাহ তাআলা তাকে তা থেকে মুক্তি দান করবেন এবং তার আশা পূর্ণ করবেন।

(আল কাউলুল বাদী)

Scanned with CamScanner

ফাদ্বাইলে দুরূদ কিতাবে আছে وبعد الممات এরপর إنك علي كل شيئ قدير পড়া বুযুর্গানে দীনের আমল এবং তা পড়া উত্তম।

দুরূদে বী'র

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلٰوةً دَائِمَةً مَّقْبُوْلَةً تُؤَدِّيْ بِهَا عَنَّا حَقَّهُ الْعَظِيْمِ.

অর্থ : হে আল্লাহ! আমাদের সায়্যিদ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর পরিবারের উপর সর্বদা এমন সালাত পেশ করুন যা মকবূল এবং এর দ্বারা আমাদের উপর তাঁর যে মহান হক রয়েছে তা আদায় হয়।

দুরূদে শিফা

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ بِعَدَدِ كُلِّ دَاءٍ وَّدَوَاءٍ، اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّبِعَدَدِ كُلِّ عِلَّةٍ وَّشِفَاءٍ.

Scanned with CamScanner

অর্থ : হে আল্লাহ! আপনি আমাদের সায়্যিদ হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর সকল রোগ ও রোগমুক্তির উপকরণ এর সংখ্যানুপাতে সালাত পেশ করুন।

দুরূদে নারিয়া

اَللّٰهُمَّ صَلِّ صَلَاةً كَامِلَةً وَسَلِّمْ سَلَامًا تَامًّا عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ الَّذِيْ تَنْحَلُّ بِهِ الْعُقَدُ، وَتَنْفرِجُ بِهِ الْكُرَبُ، وَتُقْضٰى بِهِ الْحَوَائِجُ، وَتُنَالُ بِهِ الرَّغَائِبُ، وَحُسْنُ الْخَوَاتِمِ، وَيُسْتَسْقَى الْغَمَامُ بِوَجْهِهِ الْكَرِيمِ، وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ فِيْ كُلِّ لَمْحَةٍ وَّنَفَسٍ بِعَدَدِ كُلِّ مَعْلُومٍ لَكَ.

অর্থ : হে আল্লাহ! আপনি পরিপূর্ণ রহমত বর্ষণ করুন এবং পরিপূর্ণ সালাম প্রেরণ করুন আমাদের সরদার, আমাদের অভিভাবক মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর যাঁর ওসীলায় জড়তা বিদূরিত হয়ে যায়, বিপদ ঘুচে যায়, প্রয়োজনসমূহ পূরণ হয়ে যায়, কাঙ্ক্ষিত বিষয়সমূহ অর্জিত হয়, শুভ পরিণাম প্রাপ্তি ঘটে এবং যাঁর

Scanned with CamScanner

মুবারক চেহারার ওসীলায় মেঘমালা থেকে বৃষ্টি বর্ষিত হয়। (পরিপূর্ণ রহমত এবং সালাম বর্ষিত হোক) তাঁর পরিবার-পরিজনের উপরে এবং সাহাবায়ে কেরামদের উপরে। প্রতি মুহূর্তে, প্রতি শ্বাস-প্রশ্বাসে এত সংখ্যক যাঁর পরিমাণ সম্পর্কে আপনিই পরিজ্ঞাত।

দুরূদে শাফিঈ (র.)

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ كُلَّمَا ذَكَرَهُ الذَّاكِرُوْنَ، اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ كُلَّمَا غَفَلَ عَنْ ذِكْرِهِ الْغَافِلُوْنَ.

অর্থ : হে আল্লাহ! আপনি রহমত বর্ষণ করুন আমাদের সায়্যিদ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপরে যিকিরকারীগণ যখন তাঁর যিকির করে। হে আল্লাহ! আপনি রহমত বর্ষণ করুন আমাদের সরদার মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপরে গাফিলগণ যখন তাঁর যিকির থেকে গাফিল থাকে।

Scanned with CamScanner

দুরূদে শাফিঈ (র.) এর ফদ্বীলত

হাফিযুল হাদীস আল্লামা মুহাম্মদ ইবন আবদুর রহমান সাখাবী তাঁর কাউলুল বাদী' কিতাবে উল্লেখ করেন, বারযালীর 'মানামাত'-এ ইবনু মুসদীর সূত্রে বর্ণনা করেন, তিনি বলেন - আমি ইমাম শাফিঈ (র.)-কে স্বপ্নে দেখে তাঁকে জিজ্ঞেস করলাম, আল্লাহ তা'আলা আপনার সাথে কিরূপ ব্যবহার করেছেন? তিনি বললেন, আল্লাহ তা'আলা আমার প্রতি অনুগ্রহ করেছেন এবং আমাকে ক্ষমা করে দিয়েছেন, আমার জন্য জান্নাতে বালাখানা সজ্জিত করা হয়েছে যেমনিভাবে নতুন বরের জন্য বাসর সজ্জিত করা হয়, আমার জন্য (পুষ্পরাজি) ছড়িয়ে দেওয়া হয়েছে যেমনিভাবে নতুন বরের জন্য ছড়িয়ে রাখা হয়। আমি বললাম, কিসের মাধ্যমে আপনার এ অবস্থা অর্জিত হয়েছে ? তখন কোন এক ব্যক্তি আমাকে বললেন, 'কিতাবুর রিসালা'য় লিখিত দুরূদ শরীফ পাঠের কারণে। আমি তাঁকে বললাম, ঐ দুরূদ শরীফ কোন্‌টি? তিনি উপরোল্লিখিত দুরূদ শরীফের কথা বললেন।

আবুল হুসাইনের সনদে ইবনু মুসদীর মুসালসালাতেও

Scanned with CamScanner

অনুরূপ বর্ণনা পাওয়া যায়। তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে স্বপ্নে দেখলাম এবং তাঁকে বললাম, ইয়া রাসূলাল্লাহ্! মুহাম্মদ ইবন ইদরীস আশ-শাফিঈকে কি আপনি বিশেষ কিছু প্রদান করেছেন অথবা কোন কিছু প্রদান করার দ্বারা তাঁকে উপকৃত করেছেন? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন– হ্যাঁ, আমি তার জন্য দুআ করেছি যে, আল্লাহ যেন তার হিসাব গ্রহণ না করেন। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলাম, এর কি বিশেষ কোন কারণ রয়েছে ? তিনি বললেন, সে আমার প্রতি এমনভাবে দুরূদ পাঠ করে যেমনটি আর কেউ করে না। আমি বললাম ইয়া রাসূলাল্লাহ! সে দুরূদ শরীফ কোনটি? তিনি উপরোল্লিখিত দুরূদ শরীফের কথা বললেন। (আল-কাউলুল বাদী')

Scanned with CamScanner

দুরূদে তিব্বিয়্যাহ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ طِبِّ الْقُلُوْبِ وَدَوَائِهَا، وَعَافِيَةِ الْأَبْدَانِ وَشِفَائِهَا، وَنُوْرِ الْأَبْصَارِ وَضِيَائِهَا، وَقُوْتِ الْأَرْوَاحِ وَغِذَائِهَا، وَعَلٰى اٰلِهٖ وَصَحْبِهٖ وَسَلِّمْ فِيْ كُلِّ لَمْحَةٍ وَّنَفَسٍ عَدَدَ مَا وَسِعَهُ عِلْمُ اللّٰهِ.

অর্থ : হে আল্লাহ! আপনি রহমত বর্ষণ করুন আমাদের সরদার মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপরে যিনি হলেন অন্তরের চিকিৎসক এবং ঔষধ, দেহের সুস্থতা এবং রোগ-মুক্তি, দৃষ্টিসমূহের আলো এবং কিরণ, রূহের খাদ্য এবং খোরাক এবং রহমত ও সালাম বর্ষণ করুন তাঁর পরিবার-পরিজনের উপরে এবং সাহাবায়ে কিরামের উপরে, প্রতি মূহূর্তে, প্রতি শ্বাস-প্রশ্বাসে এত সংখ্যক যা আল্লাহর ইল্‌মে পরিব্যাপ্ত।

বিশেষ দুরূদ

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ سَيِّدِنَا مُحَمَّدٍ مَّا اخْتَلَفَ الْمَلْوَانِ، وَتَعَاقَبَ الْعَصْرَانِ، وَكَرَّ

Scanned with CamScanner

الْجَدِيْدَانِ، وَاسْتَقْبَلَ الْفَرْقَدَانِ، وَبَلِّغْ رُوْحَهٗ وَّاَرْوَاحَ اَهْلِ بَيْتِهٖ مِنَّا التَّحِيَّةَ وَالسَّلَامَ.

অর্থ : হে আল্লাহ! আমাদের সরদার হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দুরূদ প্রেরণ করুন, যতক্ষণ দিন-রাতের পরিবর্তন হতে থাকে, যুগের আবর্তন-বিবর্তন হতে থাকে, চন্দ্র-সূর্য উদিত হতে থাকে এবং উজ্জ্বল নক্ষত্রের গমনাগমন হতে থাকে। হে আল্লাহ! হযরত রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের রূহ মুবারকে এবং তাঁর আহলে বায়তের রূহের প্রতি আমাদের পক্ষ থেকে অগণিত সালাম পৌঁছে দিন।

ফদ্বীলত

এক ব্যক্তি সুলতান মাহমুদের দরবারে এসে বললেন, অনেক দিন থেকে আকাঙ্ক্ষা ছিল যে, স্বপ্নে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাক্ষাত লাভ করি এবং নিজের অবস্থা হুযুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পেশ করি। একদিন হুযুর সাল্লাল্লাহু আলাইহি

Scanned with CamScanner

ওয়া সাল্লামের যিয়ারত নসীব হলো। আরয করলাম, ইয়া রাসূলাল্লাহ! আমি ঋণগ্রস্থ, আমার উপর এক হাজার দিনার ঋণ রয়েছে। আমার ভয় হয় ঋণগ্রস্থ অবস্থায় মারা যাই কি না। তখন রাসূল সাল্লাল্লাহু আলাই-হি ওয়া সাল্লাম বললেন, তুমি মাহমুদ গজনভীর নিকট যাও এবং তার নিকট থেকে এক হাজার দিনার গ্রহণ কর। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! তিনি যদি আমার কথায় বিশ্বাস না করেন এবং কোন নিদর্শন তলব করেন তবে আমি কী বলব? তিনি ইরশাদ করলেন, মাহমুদ গজনভীকে বলবে যে, তুমি শোয়ার পূর্বে ত্রিশ হাজার বার এবং জাগ্রত হওয়ার পর ত্রিশ হাজার বার দুরূদ শরীফ পাঠ করে থাক।

সুলতান মাহমুদের নিকট এসে ঐ ব্যক্তি তাঁর স্বপ্নের কথা বললেন। সুলতান মাহমুদ অঝোরে কাঁদতে লাগলেন এবং তাঁকে দুই হাজার দিনার প্রদান করলেন। সুলতান মাহমুদের নিকট যাঁরা ছিলেন তাঁরা সুলতান মাহমুদের এ আচরণে আশ্চর্য হলেন এবং বললেন, লোকটির এ কথায় আপনি বিশ্বাস করলেন? অথচ আমরা সর্বদা আপনার নিকটই থাকি; আমরা তো আপন-

Scanned with CamScanner

াকে কখনো সকাল সন্ধ্যায় ষাট হাজার বার দুরূদ শরীফ পাঠ করতে দেখিনি? সুলতান মাহমুদ গজনভী বললেন, আমি আলিমদের নিকট শুনেছি যে, যে ব্যক্তি নিম্নবর্ণিত দুরূদখানা একবার পাঠ করল সে যেন দশ হাজার বার দুরূদ শরীফ পাঠ করলো। আমি রাতের প্রথম প্রহরে তিন বার এবং রাতের শেষ প্রহরে তিন বার দুরূদ শরীফ পাঠ করি এবং বিশ্বাস করি যে, ষাট হাজার বার দুরূদ শরীফ পাঠ করলাম। আর আমি কাঁদছি খুশির কারণে। এজন্য যে, আলিমদের কথা সত্য ছিল। স্বয়ং প্রিয় নবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার আমলের স্বীকৃতি দান করেছেন।

(সত্য স্বপ্ন, মুফতী মাওলানা গিয়াস উদ্দীন চৌধুরী ফুলতলী, সালাওয়াতে নাসেরী, পৃ. ৭২-৭৩, আনোয়ারুল আরিফীন, পৃ. ১০-২২)

Scanned with CamScanner

দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় দু'আ

সকাল সন্ধ্যা পাঠের দু'আ

সকাল সন্ধ্যা পাঠের বহু দু'আ হাদীস শরীফে পাওয়া যায়। নিম্নে কিছু দু'আ দেয়া হলো। সব ক'টি বা যে ক'টি সম্ভব তা পাঠের আমল করা যেতে পারে।

সায়্যিদুল ইস্‌তিগ্‌ফার

اَللّٰهُمَّ أَنْتَ رَبِّي لَا اِلٰهَ إِلَّا أَنْتَ خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلٰى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ، أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ، أَبُوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ وَأَبُوءُ بِذَنْبِيْ، فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ.

অর্থ : হে আল্লাহ! আপনি আমার রব, আপনি ব্যতীত কোন মা'বূদ নেই, আপনি আমাকে সৃষ্টি করেছেন, আমি আপনার বান্দাহ। আমি সাধ্যানুযায়ী আপনার অঙ্গীকার ও ওয়াদার উপর রয়েছি। আমি আমার সকল কৃতকর্মের অনিষ্টতা হতে আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি। আপনি আমার প্রতি যে নিয়ামত দান করেছেন, তা

Scanned with CamScanner

স্বীকার করছি। আর আমার অপরাধ স্বীকার করছি। আপনি আমাকে ক্ষমা করে দিন। আপনি ছাড়া ক্ষমা করার ক্ষমতা আর কারো নেই।

(বুখারী, হাদীস নং- ৬৩০৬, তিরমিযী, হাদীস নং- ৩৩৯৩ শব্দের ব্যবধানসহ)

بِسْمِ اللّٰهِ الَّذِى لَا يَضُرُّ مَعَ اسْمِهٖ شَىْءٌ فِى الْأَرْضِ وَلَا فِى السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ. (তিন বার)

অর্থ : আল্লাহর নামে, যাঁর নামের কারণে আসমান যমীনের কোন কিছুই ক্ষতি সাধন করতে পারে না; তিনি সর্বশ্রোতা এবং সর্বজ্ঞ। *(তিরমিযী, হাদীস নং- ৩৩৮৮, আবূ দাউদ, হাদীস নং- ৫০৮৮, ইবনে মাজাহ, হাদীস নং- ৩৮৬৯)*

أَعُوذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ (বার ৩)

অর্থ : আমি সমস্ত মাখলূকের অনিষ্টতা থেকে আল্লাহ্‌র পূর্ণাঙ্গ কলিমাসমূহের মাধ্যমে আশ্রয় প্রার্থনা করছি।

(তিরমিযী, হাদীস নং- ৩৪৩৭)

اَللّٰهُمَّ بِكَ أَصْبَحْنَا وَبِكَ أَمْسَيْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ

Scanned with CamScanner

نَمُوتُ وَإِلَيْكَ النُّشُورُ.

অর্থ : হে আল্লাহ! আমরা আপনারই সাহায্যে প্রত্যূষে উপনীত হয়েছি, আপনারই সাহায্যে সন্ধ্যায় উপনীত হয়েছি। আপনারই ইচ্ছায় আমরা বেঁচে থাকি এবং আপনারই ইচ্ছায় আমরা মৃত্যুবরণ করি। আর আপনারই নিকট আমাদের প্রত্যাবর্তন।

(আবূ দাউদ, হাদীস নং- ৪৪০৬, তিরমিযী, হাদীস নং- ৩৩১৩)

لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. (তিন বার)

অর্থ : আল্লাহ ব্যতীত কোন মা'বূদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। সকল রাজ্য একমাত্র তাঁরই। তাঁর জন্যই সকল প্রশংসা। সব কিছুর উপর তিনিই শক্তিমান।

(নাসাঈ, হাদীস নং- ১৩২৬, আহমদ, হাদীস নং- ১৭৪৮৯)

رَضِيتُ بِاللّٰهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ نَبِيًّا وَرَسُوْلاً. (তিন বার)

অর্থ : আমি আল্লাহকে রব, ইসলামকে দ্বীন ও মুহাম্মদ

Scanned with CamScanner

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নবী হিসেবে পেয়ে সন্তুষ্ট হয়েছি। *(আবূ দাউদ, হাদীস নং- ৫০৭২, তিরমিযী, হাদীস নং ৩৩৮৯ শব্দের ব্যবধানসহ)*

اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَدَنِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ سَمْعِيْ، اَللّٰهُمَّ عَافِنِيْ فِيْ بَصَرِيْ، لَا اِلٰهَ إِلَّا أَنْتَ.

অর্থ : হে আল্লাহ! আপনি আমাকে দৈহিক সুস্থতা দান করুন। হে আল্লাহ! আপনি আমার শ্রবণশক্তিতে নিরাপত্তা এবং দৃষ্টিশক্তিতে সুস্থতা দান করুন। আপনি ছাড়া কোন মা'বূদ নেই।
(আবূ দাউদ, হাদীস নং- ৪৪২৬, আহমদ, হাদীস নং- ১৯৫৩৪)

اَللّٰهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْكُفْرِ وَالْفَقْرِ، اَللّٰهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ، لَا اِلٰهَ إِلَّا أَنْتَ

অর্থ : হে আল্লাহ! আমি কুফরী ও দরিদ্রতা থেকে আপনার নিকট পানাহ চাই। হে আল্লাহ! আমি আপনার নিকট কবরের আযাব থেকে আশ্রয় চাই। আপনি ব্যতীত কোন মা'বূদ নেই।
(আবূ দাউদ, হাদীস নং- ৪৪২৬, আল-আযকার, পৃষ্ঠা- ১০৫)

Scanned with CamScanner

لَا اِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، يُحْيِيْ وَيُمِيْتُ وَهُوَ حَيٌّ لَا يَمُوتُ، وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. (১০ বার)

অর্থ : আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই। তিনি অদ্বিতীয়, তাঁর কোন শরীক নেই। সকল রাজত্ব একমাত্র তাঁরই। সকল প্রশংসা তাঁরই। তিনিই জীবন দান করেন, তিনিই মৃত্যু দান করেন। তিনি এমন জীবন্ত যে, তাঁর কোন মৃত্যু নেই এবং সব কিছুর উপর তিনিই শক্তিমান।

(তিরমিযী, হাদীস নং ৩৫৩৪)

حَسْبِيَ اللّٰهُ لَا اِلٰهَ إِلَّا هُوَ عَلَيهِ تَوَكَّلتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ.

অর্থ : আল্লাহই আমার জন্য যথেষ্ট। তিনি ছাড়া কোন মা'বূদ নেই। আমি তাঁর ওপর নির্ভর করি। তিনি মহান আরশের প্রতিপালক।*(৭ বার) (ইবনুস সুন্নী, হাদীস নং-৭১)*

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ عَدَدَ خَلْقِهٖ، وَرِضَا نَفْسِهٖ، وَزِنَةَ عَرْشِهٖ، وَمِدَادَ كَلِمَاتِهٖ

Scanned with CamScanner

অর্থ : আমি আল্লাহ্‌র পবিত্রতা বর্ণনা করছি তাঁর প্রশংসার সাথে তাঁর সৃষ্ট বস্তুসমূহের সংখ্যার সমান, তাঁর নিজের সন্তোষের সমান, তাঁর আরশের ওযনের সমান ও তাঁর বাণীসমূহ লেখার কালি পরিমাণ অসংখ্য বার। *(তিন বার) (মুসলিম, হাদীস নং-২৭২৬)*

سُبْحَانَ اللهِ وَبِحَمْدِهِ.

অর্থ : আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি এবং তাঁর প্রশংসা সহকারে। (একশত বার)

(মুসলিম, হাদীস নং- ২৭১)

يَا حَيُّ يَا قَيُّومُ بِرَحْمَتِكَ أَسْتَغِيثُ، أَصْلِحْ لِي شَأْنِيْ كُلَّهُ وَلَا تَكِلْنِيْ إِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ.

অর্থ : হে চিরঞ্জীব, হে চিরস্থায়ী, আপনার রহমতের জন্য আমি আপনার দরবারে জানাই আমার সকাতর নিবেদন। আপনি আমার অবস্থা সংশোধন করে দিন, আপনি চোখের পলক পরিমাণ সময়ের (এক মুহূর্তের) জন্যেও আমাকে আমার নিজের ওপর ছেড়ে দিবেন না। *(মুসতাদরাক, হাদীস নং-৫৪৫, আত- তারগীব ওয়াত তারহীব, হাদীস নং-২৭৩)*

Scanned with CamScanner

أَسْتَغْفِرُ اللهَ وَأَتُوْبُ إِلَيْهِ.

অর্থ : আমি আল্লাহ্‌র কাছে ক্ষমা প্রার্থনা করি এবং তাঁর কাছেই তাওবা করছি। (প্রতি দিন এক শত বার পড়বেন।) *(বুখারী হাদীস নং ৬৩০৭, মুসলিম ৫০৭৫)*

اَللّٰهُمَّ أَجِرْنِيْ مِنَ النَّارِ

(৩ বার অথবা ৭ বার)

অর্থ : হে আল্লাহ আমাকে দোযখ থেকে রক্ষা করুন। *(আহমদ হাদীস নং ১৭৩৬২, আবূ দাউদ হাদীস নং ৫০৭৯)*

اللّٰهُمَّ ارْزُقْنِي الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ

(৩ বার অথবা ৮ বার)

আল্লাহ আমাকে হিসাব গ্রহণ ছাড়াই জান্নাত দান করুন। *(তিরমিযী হাদীস নং ২৫৭২ এবং ইবন মাজাহ ৪৩৪০ নং হাদীসের ভাবার্থে।)*

ঘুমানোর সময় পড়ার দু'আ

اَللّٰهُمَّ بِاسْمِكَ أَمُوْتُ وَأَحْيَا.

অর্থ : হে আল্লাহ! আপনার নাম নিয়ে আমি জীবিত হই এবং মৃত্যুবরণ করি। *(বুখারী, হাদীস নং ৬৩১৪ ও মুসলিম, শব্দের ব্যবধানসহ)*

Scanned with CamScanner

অথবা

اَللّٰهُمَّ أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ، وَفَوَّضْتُ أَمْرِيْ إِلَيْكَ، وَوَجَّهْتُ وَجْهِيْ إِلَيْكَ، وَأَلْجَأْتُ ظَهْرِيْ إِلَيْكَ، رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ، لَا مَلْجَأَ وَلَا مَنْجَا مِنْكَ إِلَّا إِلَيْكَ، آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ، وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ.

অর্থ : আল্লাহর নামে (শয়ন করছি)। হে আল্লাহ! আমি আমার প্রাণ আপনার হাতে সোপর্দ করছি। আমার সকল বিষয় আপনার হাতেই অর্পণ করলাম। আমি আপনার দিকেই মুখ ফিরালাম। আমি আপনাকেই আমার পৃষ্ঠপোষক করলাম আপনার দয়ার আশায় এবং আপনার আযাবের আশংকায়। আপনার রহমত ছাড়া অন্য কোন ঠিকানা নেই, কোন আশ্রয়স্থলও নেই। আপনি যে কিতাব অবতীর্ণ করেছেন, তার উপর আমি বিশ্বাস স্থাপন করেছি এবং আপনি যে নবী প্রেরণ করেছেন তাঁর উপরও বিশ্বাস স্থাপন করেছি।'

(বুখারী, হাদীস নং-৩৬১৫ মুসলিম, হাদীস নং-২৭১০ ও তিরমিযী, হাদীস নং-৩৫৭৪, শব্দের ব্যবধানসহ)

Scanned with CamScanner

اللّٰهُمَّ حَاسِبْنِيْ حِسَابًا يَسِيْرًا

অর্থ : হে আল্লাহ! আপনি আমার থেকে সহজ হিসাব গ্রহণ করুন।

(মুসনাদে আহমদ, হাদীস নম্বর- ২৪২১৫)

ঘুম থেকে জাগ্রত হয়ে পড়ার দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُورُ.

অর্থ : সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার জন্য, যিনি আমাকে মৃত্যুর পর জীবিত করেছেন। এবং তাঁর দিকেই প্রত্যাবর্তন।

(বুখারী, হাদীস নং-৬৩১২ ও মুসলিম, হাদীস নং-২৭১১)

অথবা, এ দু'আও পড়া যায়

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي رَدَّ إِلَيَّ نَفْسِيْ بَعْدَ مَوْتِهَا وَلَمْ يُمِتْهَا فِي نَوْمِهَا، اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي يُمْسِكُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ أَنْ تَزُوْلَا وَلَئِنْ زَالَتَا إِنْ أَمْسَكَهُمَا مِنْ أَحَدٍ مِّنْ بَعْدِهِ إِنَّهُ كَانَ حَلِيْمًا غَفُوْرًا . اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي يُمْسِكُ السَّمَاءَ أَنْ تَقَعَ عَلَى الْأَرْضِ إِلَّا بِإِذْنِهِ، إِنَّ اللّٰهَ بِالنَّاسِ لَرَؤُوفٌ رَّحِيمٌ.

Scanned with CamScanner

অর্থ : সেই আল্লাহ্‌র প্রশংসা যিনি আমার প্রাণ আমাকে ফিরিয়ে দিয়েছেন এবং নিদ্রিত অবস্থায় তাকে মৃত্যু দেননি। সেই আল্লাহ্‌র সকল প্রশংসা, যিনি আসমান এবং যমীনকে টিকিয়ে রাখেন যাতে টলে না যায়; যদি এগুলো টলে যায় তবে তিনি ব্যতিত এগুলো কে রক্ষা করবে? তিনি সহনশীল ও ক্ষমাশীল। সকল প্রশংসা সেই আল্লাহ্‌র, যিনি আসমানকে তাঁর অনুমতি ব্যতীত যমীনের উপর পতিত হওয়া থেকে বিরত রেখেছেন। নিশ্চয়ই আল্লাহ্ মানুষের উপর অনুগ্রহপরায়ণ এবং দয়ালু।

(নাসাঈ, হাদীস নং ১০৬৯০)

রাতে ঘুম ভেঙে গেলে পড়ার দু'আ

لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ الوَاحِدُ القَهَّارُ، رَبُّ السَّمٰوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الْعَزِيزُ الْغَفَّارُ.

অর্থ : আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই। তিনি একক ও মহাপরাক্রমশালী। তিনি আসমানসমূহ ও যমীনের রব। তিনি পরাক্রমশালী ও অতিশয় ক্ষমাশীল।

(আল-আযকার, হাদীস নং-২৮৫, ইবনুস সুন্নী সূত্রে)

Scanned with CamScanner

ঘুমে ভয় পেলে পড়ার দু'আ

أَعُوْذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّةِ مِنْ غَضَبِهٖ وَعِقَابِهٖ وَشَرِّ عِبَادِهٖ وَمِنْ هَمَزَاتِ الشَّيَاطِيْنِ وَأَنْ يَحْضُرُوْنَ.

অর্থ : আমি আল্লাহ তা'আলার পূর্ণ বাণীসমূহের সাহায্যে আশ্রয় চাচ্ছি তাঁর ক্রোধ এবং তাঁর বান্দাহদের অনিষ্ট হতে আর শয়তানের কুমন্ত্রণা ও তাদের উপস্থিতি থেকে।

(আবূ দাউদ, হাদীস নং-৩৮৯৩, আল আযকার হাদীস নং-২৯২)

ভালো স্বপ্ন দেখার জন্য পড়ার দু'আ

اَللّٰهُمَّ إِنِّي أَسْأَلُكَ رُؤْيًا صَالِحَةً، صَادِقَةً غَيْرَ كَاذِبَةً، نَافِعَةً غَيْرَ ضَارَّةٍ.

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট পূণ্যময়, সত্য ও উপকারী স্বপ্ন দেখতে চাই, মিথ্যা ও ক্ষতিকর স্বপ্ন নয়।

(আল-আযকার, হাদীস নং-২৮১)

শৌচাগারে প্রবেশের পূর্বে পড়ার দু'আ

اَللّٰهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبْثِ وَالْخَبَائِثِ.

Scanned with CamScanner

অর্থ : হে আল্লাহ! আমি অনিষ্টকারী (পুরুষ, স্ত্রী) শয়তান ও জিন থেকে তোমার আশ্রয় প্রার্থনা করছি।
(বুখারী, হাদীস নং-১৪২, মুসলিম, হাদীস নং-৪৫৭)

শৌচাগার থেকে বের হয়ে পড়ার দু'আ

غُفْرَانَكَ، اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي أَذْهَبَ عَنِّي الْأَذَى وَعَافَانِيْ.

অর্থ : সমস্ত প্রশংসা ঐ আল্লাহ তা'আলার, যিনি আমার থেকে কষ্টদায়ক বস্তু দূর করেছেন এবং আমাকে প্রশান্তি দিয়েছেন। *(ইবনুস সুন্নী, হাদীস নং-২২)*

অথবা, পড়বেন- غُفْرَانَكَ

অর্থ : হে আল্লাহ! আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করি।
(নাসাঈ, হাদীস নং-৯৯০৭)

ওযূ শেষে পড়ার দু'আ

(আসমানের দিকে তাকিয়ে এ দু'আ পড়বেন)

أَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُهُ. اَللّٰهُمَّ اجْعَلْنِيْ مِنَ التَّوَّابِيْنَ وَاجْعَلْنِيْ مِنَ الْمُتَطَهِّرِيْنَ.

Scanned with CamScanner

অর্থ : আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দাহ ও রাসূল। আল্লাহ আমাকে তাওবাহকারীগণ ও পবিত্রতা অর্জনকারীদের মাঝে গণ্য করুন।

মসজিদে যাওয়ার সময় পড়ার দু'আ

اَللّٰهُمَّ اجْعَلْ فِي قَلْبِيْ نُوْرًا، وَفِي لِسَانِيْ نُوْرًا، وَفِي سَمْعِيْ نُوْرًا، وَفِي بَصَرِيْ نُوْرًا، وَمِنْ فَوْقِيْ نُوْرًا، وَمِنْ تَحْتِيْ نُوْرًا، وَعَنْ يَمِينِيْ نُوْرًا، وَعَنْ شِمَالِيْ نُوْرًا، وَمِنْ أَمَامِيْ نُوْرًا، وَمِنْ خَلْفِيْ نُوْرًا، وَاجْعَلْ فِي نَفْسِي نُوْرًا، وَأَعْظِمْ لِيْ نُوْرًا، وَعَظِّمْ لِيْ نُوْرًا، وَاجْعَلْ لِيْ نُوْرًا، وَاجْعَلْنِيْ نُوْرًا، اَللّٰهُمَّ أَعْطِنِيْ نُوْرًا، وَاجْعَلْ فِيْ عَصَبِيْ نُوْرًا، وَفِيْ لَحْمِيْ نُوْرًا، وَفِيْ دَمِيْ نُوْرًا، وَفِيْ شَعْرِيْ نُوْرًا، وَفِيْ بَشَرِيْ نُوْرًا. اَللّٰهُمَّ اجْعَلْ لِي نُوْراً فِي قَبْرِي. وَنُوراً

Scanned with CamScanner

فِيْ عِظَامِيْ ،وَزِدْنِيْ نُوْرًا، وَزِدْنِيْ نُوْرًا، وَزِدْنِيْ نُوْرًا. وَهَبْ لِيْ نُوْرًا عَلٰى نُوْرٍ.

অর্থ : হে আল্লাহ, আপনি আমার অন্তরে এবং যবানে নূর সৃষ্টি করে দিন, আমার শ্রবণশক্তিতে ও আমার দৃষ্টিশক্তিতে নূর সৃষ্টি করে দিন। আমার উপরে, আমার নীচে, আমার ডানে, আমার বামে, আমার সামনে, আমার পেছনে নূর সৃষ্টি করে দিন। আমার আত্মায় নূর সৃষ্টি করে দিন, আর নূরকে আমার জন্য অনেক বড় করে দিন, আমার জন্য জ্যোতি নির্ধারণ করুন, আমাকে নূরানী করে দিন। হে আল্লাহ! আপনি আমাকে নূর দান করুন, আমার বাহুতে নূর দান করুন। আমার গোশতে, আমার রক্তে, আমার চুলে, আমার চর্মে নূর দান করুন। [হে আল্লাহ! আমার কবরকে আমার জন্য নূরানী করে দিন, আমার হাড্ডি সমূহেও নূর দান করুন।] [আমার নূর বৃদ্ধি করে দিন, আমার নূর বৃদ্ধি করে দিন, আমার নূর বৃদ্ধি করে দিন। [আর আমাকে নূরের উপর নূর দান করুন।

(মুসলিম, হাদীস নং-৫৩০, বুখারী, তিরমিযী)
[বিভিন্ন হাদীসের দুআসমূহ একত্রিত করা হয়েছে]

Scanned with CamScanner

মসজিদে প্রবেশ ও বের হতে পড়ার দু'আ

মসজিদে প্রবেশের সময় দুরূদ ও সালাম পাঠের কথা বহু হাদীসে এসেছে (দ্রষ্টব্য : আল-আযকার, বাবু মা ইয়াকূলু ইনদা দুখুলিল মাসজিদ ওয়াল খুরূজ মিনহু পৃ. ৩১ ও হিসনে হাসীন)। নীচের দু'আ পড়লে হাদীসের উপর পূর্ণ আমল হয়ে যায়।

মসজিদে প্রবেশ কালে পড়ার দু'আ

بِسْمِ اللهِ، وَالصَّلَا ةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوْلِ اللهِ، اَللّٰهُمَّ افْتَحْ لِيْ أَبْوَابَ رَحْمَتِكَ.

অর্থ : আমি আল্লাহর নাম নিয়ে (মসজিদে প্রবেশ করছি), আর সালাত ও সালাম রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর। হে আল্লাহ! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ খুলে দিন।

(মুসলিম, হাদীস নং ১৬৮৫)

মসজিদ থেকে বের হওয়ার সময় পড়ার দু'আ

بِسْمِ اللهِ، وَالصَّلَا ةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوْلِ اللهِ، اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ.

Scanned with CamScanner

অর্থ : আমি আল্লাহর নাম নিয়ে (মসজিদ থেকে বের হচ্ছি), আর সালাত ও সালাম রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর। হে আল্লাহ! আমি আপনার কাছে আপনার অনুগ্রহ কামনা করছি।

(মুসলিম, হাদীস নং-১৬৮৫)

বের হওয়ার পর এ দু'আটিও পড়া যায়

اَللّٰهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ إِبْلِيْسَ وجُنُوْدِهِ.

অর্থ : হে আল্লাহ আমি ইবলীস ও তার সাঙ্গ-পাঙ্গ থেকে আশ্রয় চাই। *(আল-আযকার, হাদীস-৮৬)*

মসজিদে অবস্থানকালে পড়ার দু'আ

أَعُوْذُ بِاللهِ الْعَظِيْمِ، وَبِوَجْهِهِ الكَرِيْمِ، وَبِسُلْطَانِهِ القَدِيْمِ، مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ.

অর্থ : আমি বিতাড়িত শয়তানের হাত থেকে মহত্তের অধিকারী আল্লাহ, তাঁর মহান সত্তা এবং শাশ্বত রাজত্বের আশ্রয় প্রার্থনা করছি। *(আল-আযকার, হাদীস নং-৮২)*

Scanned with CamScanner

ঘরে প্রবেশ করার সময় পড়ার দু'আ

اَللّٰهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَ الْمَوْلِجِ وَخَيْرَ الْمَخْرَجِ، بِسْمِ اللهِ وَلَجْنَا وَبِسْمِ اللهِ خَرَجْنَا وَعَلَى اللهِ رَبِّنَا تَوَكَّلْنَا.

অর্থ : হে আল্লাহ! আমি আপনার কাছে ঘরের ভেতরের এবং বাইরের কল্যাণ কামনা করছি। আল্লাহ্‌র নামে আমি ভেতরে এলাম এবং তাঁর নামেই বের হলাম। আমাদের মহান প্রতিপালক আল্লাহর উপরই আমাদের নির্ভরতা। *(আবূ দাউদ, হাদীস নং-৫০৯৮)*

কাউকে বিদায় দেয়ার সময় পড়ার দু'আ

أَسْتَوْدِعُ اللهَ دِينَكَ، وَأَمَانَتَكَ، وَخَوَاتِيمَ عَمَلِكَ.

অর্থ : আমি আপনার দ্বীন, আপনার আমানতসমূহ এবং আপনার আমলের পরিসমাপ্তিকে আল্লাহ্‌র উপর সোপর্দ করছি। *(তিরমিযী, হাদীস নং-৩৪৪৩)*

গৃহবাসীর জন্য ভ্রমণকারী ব্যক্তি পড়বেন

أَسْتَوْدِعُكُمُ اللهَ الَّذِيْ لَا تَضِيعُ وَدَائِعُهُ.

Scanned with CamScanner

অর্থ : আমি তোমাদেরকে আল্লাহর হিফাযতে রেখে যাচ্ছি; যার হিফাযতে অবস্থানকারী কেউ ক্ষতিগ্রস্থ হয় না। *(ইবনে মাজাহ, হাদীস নং-৯৪৩)*

ঘর থেকে বের হওয়ার দু'আ

بِسْمِ اللّٰهِ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ، لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللّٰهِ.

অর্থ : আমি আল্লাহ্‌র নামে বের হলাম। আমি আল্লাহর ওপর ভরসা করলাম। আল্লাহ ছাড়া কোন উপায় নেই, কোন শক্তি নেই। *(বুখারী, হাদীস নং-৬৩২২; মুসলিম, হাদীস নং-৩৭৫, আবূ দাউদ, তিরমিযী, আহমদ)*

সওয়ারীতে আরোহণ করার সময় পড়ার দু'আ

سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ، وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ.

অর্থ : সমস্ত পবিত্রতা ও মহত্ত্ব ঐ সত্তার, যিনি এ বাহনকে আমাদের বশীভূত করে দিয়েছেন। অথচ

Scanned with CamScanner

এদেরকে বশীভূত করার ক্ষমতা আমাদের ছিল না। আর আমরা অবশ্যই আমাদের রবের নিকট স্থানান্তরিত হব। *(মুসলিম, তিরমিযী, হাদীস নং-৩৫৬৫)*

নদী পথে সফরের সময় পড়ার দু'আ

بِسْمِ اللّٰهِ مَجْرٖهَا وَمُرْسَاهَا إِنَّ رَبِّي لَغَفُوْرٌ رَّحِيْمٌ.

অর্থ : আল্লাহ তা'আলার নামেই এর গতি ও অবস্থান। নিশ্চয় আমার প্রতিপালক অবশ্যই ক্ষমাশীল, অতিশয় দয়ালু। *(সূরা হুদ, আয়াত নং ৪১)*

বাজারে গেলে পড়ার দু'আ

لَا اِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، يُحْيِيْ وَيُمِيْتُ وَهُوَ حَيٌّ لَا يَمُوْتُ، وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ.

অর্থ : আল্লাহ ব্যতীত কোন মা'বূদ নেই। তিনি এক, তাঁর কোন শরীক নেই। সমস্ত রাজত্ব তাঁরই এবং সকল প্রশংসা তাঁরই। তিনি জীবন ও মৃত্যু দান করেন। তিনি

Scanned with CamScanner

চিরঞ্জীব, তাঁর মৃত্যু নেই। তাঁর হাতেই সমস্ত কল্যাণ। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান।

(আল-আযকার হাদীস নং-৯১০)

খাবার শুরুতে পড়ার দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيْهِ وَاَطْعِمْنَا خَيْرًا مِنْهُ.

অর্থ : আল্লাহ আমার এতে (খাবারে) বরকত দান করুন এবং এর চেয়ে ভাল আহার্য খাওয়ান।

(তিরমিযী, হাদীস নং-৩৪৫৫)

বিসমিল্লাহ বলতে ভুলে গেলে স্মরণ হওয়া মাত্র পড়বেন।

بِسْمِ اللّٰهِ أَوَّلَهٗ وَآخِرَهٗ.

অর্থ : আল্লাহ তা'আলার নাম নিয়ে খাওয়া শুরু এবং শেষ করলাম। *(আল-আযকার, হাদীস নং-৬৫৩)*

খাবার শেষে পাঠ করার দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ أَطْعَمَنَا وَسَقَانَا وَجَعَلَنَا مُسْلِمِيْنَ

(তিরমিযী, হাদীস নং-৩৪৫৭)

Scanned with CamScanner

অর্থ : সমস্ত প্রশংসা আল্লাহ তা'আলার যিনি আমাকে খাওয়ালেন, পান করালেন এবং মুসলমানদের অন্তর্ভুক্ত করলেন। *(তিরমিযী, হাদীস নং-৩৪৫৭)*

কেউ দাওয়াত খাওয়ালে পড়ার দু'আ

اَللّٰهُمَّ أَطْعِمْ مَنْ أَطْعَمَنِي، وَاسْقِ مَنْ سَقَانِيْ.

অর্থ : হে আল্লাহ! আপনি ঐ ব্যক্তিকে খাবার দান করুন যে আমাকে খাওয়ালো এবং ঐ ব্যক্তিকে পান করান যে আমাকে পান করালো। [এ দু'আ নীচু স্বরে পড়তে হয়।] *(মুসলিম, হাদীস নং-৫৪৮৩, হিসনে হাসীন)*

পানি পান করার পরের দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِي سَقَانَا عَذْبًا فُرَاتًا بِرَحْمَتِهِ، وَلَمْ يَجْعَلْهُ مِلْحًا أُجَاجًا بِذُنُوبِنَا.

অর্থ : সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর জন্য, যিনি আমাদেরকে স্বীয় রহমতে সুস্বাদু, সুমিষ্ট পানি পান করিয়েছেন এবং আমাদের গুনাহর কারণে তা তিক্ত ও লবণাক্ত করেন নি। *(হিলয়াতুল আউলিয়া, ৮ : ১৪৫)*

Scanned with CamScanner

দুধ পান করার সময় পাঠের দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِيهِ وَزِدْنَا مِنْهُ.

অর্থ : হে আল্লাহ! আপনি এই দুধের মধ্যে আমাদের জন্য বরকত দান করুন এবং অধিক পরিমাণে দান করুন।

(আবু দাউদ,হাদীস নং- ৫২৪, তিরমিযী, ২ : ১৮৩)

যমযমের পানি পান করার দু'আ

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا، وَرِزْقًا وَاسِعًا، وَشِفَاءً مِنْ كُلِّ دَاءٍ .

অর্থ : হে আল্লাহ ! আমি তোমার নিকট উপকারী ইল্‌ম, রিয্‌কের প্রশস্ততা ও সকল রোগ থেকে আরোগ্য কামনা করছি। *(দারা কুতনী; হাদীস নং ২৪০৬)*

কোন মজলিস থেকে উঠার সময় পড়ার দু'আ

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَنْ لَا اِلٰهَ إِلَّا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ.

Scanned with CamScanner

অর্থ : হে আল্লাহ! আমি তোমার পবিত্রতা বর্ণনা করছি এবং প্রশংসা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি ছাড়া কোন মা'বূদ নেই। আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করছি এবং আপনার নিকট তওবা করছি।

(তিরমিযী, হাদীস নং-৪৮৫৮)

মওসূমের প্রথম ফল দেখে পাঠ করার দু'আ

اَللّٰهُمَّ بَارِكْ لَنَا فِي ثَمَرِنَا وَبَارِكْ لَنَا فِي مَدِيْنَتِنَا وَبَارِكْ لَنَا فِي صَاعِنَا وَبَارِكْ لَنَا فِي مُدِّنَا.

অর্থ : হে আল্লাহ! আপনি আমাদের ফলগুলোর বরকত দিন; আমাদের এলাকায় (শহরে) বরকত দিন এবং আমাদের ছোট-বড় পরিমাপের পাত্রে বরকত দিন।

(মুসলিম, হাদীস নং-৩৪০০)

নতুন কাপড় পরিধানের দু'আ

اَللّٰهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ كَسَوْتَنِيهِ، أَسْأَلُكَ مِنْ خَيْرِهِ وَخَيْرِ مَا صُنِعَ لَهُ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهِ وَشَرِّ مَا صُنِعَ لَهُ.

Scanned with CamScanner

অর্থ : হে আল্লাহ! আপনি আমাকে এটি পরিধান করালেন, সুতরাং আপনার জন্যই সমস্ত প্রশংসা! আমি আপনার কাছে এর মঙ্গল এবং তার মধ্যে যত কল্যাণ রয়েছে তা কামনা করি। আর এর অনিষ্টতা এবং এর মধ্যস্থিত অনিষ্টতা থেকে আশ্রয় প্রার্থনা করি।

(আবূ দাউদ, হাদীস নং-৩৪৫৫ তিরমিযী, হাদীস নং-১৭৬৭)

হাঁচির পর পড়ার দু'আ

হাঁচিদাতা বলবেন- اَلْحَمْدُ لِلّٰهِ

অর্থ : সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

শ্রোতা বলবেন- يَرْحَمُكَ اللّٰهُ

অর্থ : আল্লাহ আপনার উপর অনুগ্রহ বর্ষণ করুন।

হাঁচিদাতা আবার বলবেন- يَهْدِيْكُمُ اللّٰهُ

অর্থঃ আল্লাহ আপনাদের সৎপথ প্রদর্শন করুন এবং অবস্থা ভাল করুন।

মুসাফাহা করার দু'আ يَغْفِرُ اللّٰهُ لَنَا وَلَكُمْ .

অর্থ : আল্লাহ তা'আলা আমাদের এবং আপনাদেরকে ক্ষমা করুন। *(আবূ দাউদ, ২ : ৭০৮)*

Scanned with CamScanner

আয়না দেখার সময় পাঠ করার দু'আ

اَلْحَمْدُ لِلّٰهِ، اَللّٰهُمَّ كَمَا حَسَّنْتَ خَلْقِيْ فَحَسِّنْ خُلُقِيْ

অর্থ : সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, হে আল্লাহ! আপনি যেভাবে আমাকে সুন্দরভাবে সৃষ্টি করেছেন অনুরূপ আমার চরিত্রকেও সুন্দর করে দিন।

(আল-আযকার, হাদীস নং-৯১৩)

প্রথম রাত্রে স্ত্রীর সাথে সাক্ষাতের পূর্বে পড়ার দু'আ

اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ خَيْرَهَا وَخَيْرَ مَا جَبَلْتَهَا عَلَيْهِ، وَأَعُوْذُ بِكَ مِنْ شَرِّهَا وَشَرِّ مَا جَبَلْتَهَا عَلَيْهِ.

অর্থ :: হে আল্লাহ! আমি আপনার কাছে তার কল্যাণ ও যে কল্যাণ দিয়ে তাকে সৃষ্টি করেছ তা কামনা করছি; এবং আশ্রয় চাইতেছি তার অনিষ্টতা ও যে অনিষ্টতা দিয়ে তাকে সৃষ্টি করেছেন তা থেকে।

(আল-আযকার, হাদীস নং-৮৩০, আবূ দাউদ, ইবনে মাজাহ ও ইবনুস সুন্নী সূত্রে, হাদীস নং-৯০১)

Scanned with CamScanner

সহবাসের পূর্বে পড়ার দু'আ

بِسْمِ اللهِ، اَللّٰهُمَّ جَنِّبْنَا الشَّيْطَانَ وَجَنِّبِ الشَّيْطَانَ مَا رَزَقْتَنَا.

অর্থ : আল্লাহর নামে, হে আল্লাহ! আমাদের থেকে শয়তানকে দূরে রাখুন এবং আমাদের জন্য যা নির্ধারণ করেছেন (সন্তান-সন্ততি) তা থেকেও শয়তানকে দূরে রাখুন। *(বুখারী, হাদীস নং-৩২৭১, মুসলিম, হাদীস নং-৩৬০৬)*

ক্রোধের সময় পাঠ করার দু'আ

اَللّٰهُمَّ اغْفِرْ لِيْ ذَنْبِيْ وَأَذْهِبْ غَيْظَ قَلْبِيْ، وَأَجِرْنِيْ مِنَ الشَّيْطَانِ.

অর্থ : হে আল্লাহ! আমার গুনাহ মাফ করুন এবং আমার অন্তরের ক্রোধকে দূর করে দিন; আর শয়তান থেকে আমাকে রক্ষা করুন।

(আল-আযকার ইবনুস সুন্নী সূত্রে, হাদীস নং-৯০১)

ক্রোধ দমনে পাঠ করার দু'আ

أَعُوْذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ.

Scanned with CamScanner

অর্থ : আমি অভিশপ্ত শয়তান থেকে আল্লাহ তা'আলার কাছে আশ্রয় চাই।

(বুখারী, হাদীস নং-৬১১৫, তিরমিযী, হাদীস নং-৩৪৫২)

শত্রুবেষ্টিত অবস্থায় পড়ার দু'আ

اَللّٰهُمَّ إِنَّا نَـجْعَلُكَ فِي نُـحُوْرِهِمْ، وَنَعُوْذُ بِكَ مِنْ شُرُوْرِهِمْ.

অর্থ : হে আল্লাহ! আমরা আপনাকে শত্রুদের মুকাবিলায় পেশ করলাম (আপনি তাদেরকে পরাজিত করুন) আর আমরা তাদের অনিষ্ট থেকে আপনার নিকট আশ্রয় চাই। *(আবূ দাউদ, হাদীস নং-১৫৩৯)*

দুশ্চিন্তার সময় পড়ার দু'আ

اَللّٰهُمَّ رَحْمَتَكَ أَرْجُوْ، فَلَا تَكِلْنِيْ إِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ، وَأَصْلِحْ لِيْ شَأْنِيْ كُلَّهُ، لَا إِلٰهَ إِلَّا أَنْتَ.

অর্থ : হে আল্লাহ! আমি আপনার রহমত আশা করি। আপনি আমাকে মুহূর্তের জন্যও আমার নফসের নিকট

Scanned with CamScanner

সমর্পণ করবেন না। আর আমার সমস্ত অবস্থা সংশোধন করে দিন। আপনি ব্যতীত কোন মা'বূদ নেই।

(আবূ দাউদ, হাদীস নং-৫০৯০)

